

যায়যায়দিন

তারিখ ০৭ ২ MAR 2007 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

৫৯ সিংগল

জগন্নাথ ইউনিভার্সিটিতে সেমিস্টার সিস্টেম চালু

জবি রিপোর্টার

জগন্নাথ ইউনিভার্সিটিতে ২০০৫-০৬ সেশন থেকে সেমিস্টার সিস্টেম চালু করা হয়েছে। ইউনিভার্সিটির ১৮টি অনার্স বিষয়ে সাত্বে তিন হাজার শিক্ষার্থীকে সেমিস্টারের আওতায় পাঠদান ও পরীক্ষা নেয়া হচ্ছে। বুয়েটের পর পাবলিক ইউনিভার্সিটিগুলোর মধ্যে সর্ব প্রথম জগন্নাথের শিক্ষার্থীরা এ সুযোগ পাবেন। পাবলিক ইউনিভার্সিটিগুলোর মধ্যে সেশন জটের যে সমস্যা রয়েছে সেমিস্টার সিস্টেম চালুর ফলে সদ্য প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠানটিতে জ

স্রাস পাবে। সেমিস্টার সিস্টেম প্রবর্তন ছাড়াও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) নির্ধারিত গ্রেডিংয়ে রেজাল্ট প্রকাশ করা হবে। দেশ-বিদেশের বিভিন্ন ইউনিভার্সিটির সঙ্গে সামঞ্জস্য রেখে কোর্স কারিকুলাম, সিলেবাস ও রেজাল্টের ফলে জগন্নাথ ইউনিভার্সিটির শিক্ষার্থীরা ভবিষ্যতে যে কোনো ক্ষেত্রে সফল হবে বলে কর্তৃপক্ষ আশা প্রকাশ করে।

এবার জগন্নাথ ইউনিভার্সিটির অনার্স প্রথম বর্ষ জুড়ে পরীক্ষায় ২ হাজার ৪১৫ আসনের

জগন্নাথ ইউনিভার্সিটিতে

(শেষ পৃষ্ঠার পর)

বিপরীতে ৫৫ হাজার ৮৬০টি জুর্ডি ফরম বিক্রি হয়েছে। জব মার্কেটে ব্যবসায় প্রশাসন অনুষদের শিক্ষার্থীদের চাহিদা বিবেচনা করে দুটি নতুন ডিপার্টমেন্ট মার্কেটিং ও ফিন্যান্স চালু হচ্ছে চলতি সেশন থেকে। এ অনুষদে দুটি নতুন ডিপার্টমেন্টসহ চারটি বিষয়ে ৬০০ আসনের বিপরীতে ফরম বিক্রি হয়েছে ২২ হাজার ৮৯৮টি। এ অনুষদে প্রতি আসনের বিপরীতে লড়াই করতে হবে সর্বোচ্চ সংখ্যক ৩৯ জন জুর্ডিফরম।

সমাজকর্ম ডিপার্টমেন্টের চেয়ারম্যান প্রফেসর আসাদুজ্জামান বলেন, সেমিস্টার সিস্টেম প্রবর্তনের ফলে শিক্ষার্থীদের সেশন জট স্রাস পাবে। এর ফলে পাবলিক বিশ্ববিদ্যালয় হিসেবে জগন্নাথের শিক্ষার মান আরো বৃদ্ধি পাবে।